

নং- ১৯.০২.১০০৫.০০০.৪০০.৩৭.০১২.২২-১৯৬

তারিখ: ০৬ অক্টোবর ২০২৬

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কনসুলেট জেনারেল, মায়ামি আগামী ৩১ অক্টোবর ও ০১ নভেম্বর ২০২৬ তারিখে **আলাবামার বার্মিংহাম** শহরে ভ্রাম্যমাণ কনসুলার ক্যাম্পের মাধ্যমে নিম্নোক্ত কনসুলার সেবা প্রদান করবে।

সেবা প্রদানের স্থান:	Hoover Crescent Islamic Center (HCIC) 2524 Hackberry Ln, Hoover, AL 35226
সেবা প্রদানের তারিখ ও সময়:	৩১ অক্টোবর ২০২৬ (শনিবার): সকাল ১০.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত। ০১ নভেম্বর ২০২৬ (রবিবার): সকাল ১০.০০টা থেকে বিকাল ০৩.০০টা পর্যন্ত।

সেবাসমূহ: (সকল সেবা *walk in basis* এ প্রদান করা হবে।)

ক) ই-পাসপোর্ট	https://www.epassport.gov.bd/ ওয়েবসাইটে আবেদন করে আবেদনের কপি (০৩ পাতা বারকোডসহ) এবং summary কপি প্রিন্ট করে (অ্যাডবি অ্যাক্রোবেট ব্যবহার করে) সাথে নিয়ে আসতে হবে। অত্র কনসুলেটের ওয়েবসাইটে প্রদর্শিত ১০% সারচার্জসহ ফি অফলাইনে পরিশোধ করতে হবে। মেইল সার্ভিসের মাধ্যমে নিজ দায়িত্বে পাসপোর্ট ডেলিভারি পেতে ইচ্ছুক সেবাগ্রাহীদের USPS এর একটি prepaid return envelope (সাধারণ: ১৪ ডলার স্ট্যাম্পযুক্ত বা এক্সপ্রেস: ৩৪ ডলার স্ট্যাম্পযুক্ত) সাথে নিয়ে আসতে হবে।
খ) নো ভিসা রিকোয়ার্ড (NVR) এনডোর্সমেন্ট ও ভিসা	নো ভিসা রিকোয়ার্ড ফর্ম পূরণ করে প্রয়োজনীয় ডকুমেন্ট সাথে নিয়ে আসতে হবে। ফি ৮৮ ডলার।
গ) পাওয়ার অব অ্যাটর্নি	পাওয়ার অব অ্যাটর্নি দাতা/দাতাদেরকে সশরীরে উপস্থিত হয়ে কনসুলার অফিসারের সামনে স্বাক্ষর করতে হবে। প্রয়োজনীয় ডকুমেন্ট সাথে নিয়ে আসতে হবে। উল্লেখ্য কনসুলেট কোন পাওয়ার অব অ্যাটর্নি ডকুমেন্ট প্রস্তুত করে না।
ঘ) অন্যান্য ডকুমেন্ট সত্যায়ন	প্রয়োজনীয় সকল অরিজিনাল ও ফটোকপি নিয়ে আসতে হবে।
ঙ) জন্ম নিবন্ধন	বাংলাদেশি পিতামাতার যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণ করা সন্তানরা অত্র কনসুলেট বরাবর https://bdris.gov.bd/ অনলাইনে আবেদন করতে পারবেন।
চ) ট্রাভেল পারমিট:	যাদের বাংলাদেশী পাসপোর্টের মেয়াদ অতিক্রান্ত হয়েছে এবং জরুরি ভিত্তিতে বাংলাদেশে যেতে হবে কেবল তাদের জন্য প্রযোজ্য। নির্দিষ্ট ফর্ম পূরণ করে সম্প্রতি তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রজিন ছবি ও প্রয়োজনীয় সকল ডকুমেন্ট সাথে নিয়ে আসতে হবে। ফি ২৭.৫০ ডলার।

০২। সকল কনসুলার সেবার ফি শুধুমাত্র ক্রেডিট কার্ড (৩% মার্চেন্ট ফি প্রযোজ্য) অথবা মানি অর্ডার/পোস্টাল অর্ডার/ক্যাশিয়ার চেকের মাধ্যমে **CONSULATE GENERAL OF BANGLADESH, MIAMI** বরাবর পরিশোধ করা যাবে। উল্লেখ্য, পরিশোধকৃত কনসুলার সেবার ফি ফেরতযোগ্য নয়।

০৩। প্রতিটি সেবার জন্য প্রয়োজনীয় সকল ডকুমেন্টের মূলকপি ও ফটোকপি সাথে আনার জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।

প্রতিটি কনসুলার সেবার জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস/ছবি ও সেবা সংক্রান্ত অন্যান্য বিস্তারিত তথ্যের জন্য কনসুলেটের ওয়েবসাইট ভিজিট করুন-

<https://florida.mofa.gov.bd>



(থোইং এ)

কনসাল (প্রথম সচিব) ও দূতালয় প্রধান